রাষ্ট্রপতির কার্যালয়

জন বিভাগ

বঙ্গভবন, ঢাকা

www.bangabhaban.gov.bd

নম্বর : ০১.০০.০০০০.০০৯.১১.০১১.১৯-১২০

তারিখ: ১৩ চৈত্র ১৪৩১ / ২৭ মার্চ ২০২৫

নিয়োগপত্র

জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়ের ০৫-০২-২০২০ তারিখের ০১.০০.০০০০.০০৯.১১.০০১.১৯.৭৭ নম্বর স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি এবং ৩১-০৫-২০২২ তারিখের ০১.০০.০০০০.০০৯.১১.০০১.১৯.২২৯ নম্বর স্মারকের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতনস্কেল ২০১৫' এর ১১,০০০-২৬,৫৯০ টাকা (১৩তম গ্রেড) বেতনক্রমে রাজস্বখাতে অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত শর্তে জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়ের 'কম্পিউটার অপারেটর' পদে নিয়োগ প্রদান করা হলো:

মেধাক্রম	নিয়োগপ্রাপ্ত ব্যক্তির নাম, পিতা ও মাতার নাম	রোল নম্বর	স্থায়ী ঠিকানা
১.	ইখলাস উদ্দীন পিতা-মোঃ নাজিম উদ্দীন মাতা-মনোয়ারা বেগম	১২০০৪৫৬৫	গ্রাম-৪০৭/সি, জালাকান্দি পো:-গোপালদি উপজেলা-আড়াইহাজার জেলা-নারায়ণগঞ্জ

শর্তাবলি:

(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

(খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশকালে আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে তার শিক্ষানবিশকাল বর্ধিত করা হতে পারে। বর্ধিত সময়ে কর্তৃপক্ষ যদি মনে করে যে তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকরির অবসান ঘটাতে পারবে;

(গ) শিক্ষানবিশকালে জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয় কর্তৃক সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে সে সকল পরীক্ষা ও প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে চাকরি স্থায়ী করা হবে না;

(ঘ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির চাকরি 'রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ) এর কর্মকর্তা এবং কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯' এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আদেশ/নির্দেশ অনুযায়ী নিয়ন্ত্রিত হবে;

(ঙ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন এর নিকট হতে শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র সংগ্রহপূর্বক যোগদানকালে দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে কোনো বিরূপ মন্তব্য পাওয়া গেলে নিয়োগপত্র বাতিল করা হবে;

(চ) যোগদানের সময় নিয়োগপত্র এবং সকল সনদের মূলকপি প্রদর্শনপূর্বক সেগুলোর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। সনদপত্রে কোনোরূপ গরমিল পরিলক্ষিত হলে এ নিয়োগ বাতিল করা হবে;

(ছ) কোনো বিদেশি নাগরিককে বিয়ে করলে অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারবদ্ধ হলে এ নিয়োগ বাতিল করা হবে;

(জ) বর্তমানে কোনো চাকরিতে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র গ্রহণপূর্বক তা যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ঞ) সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি ১৩(১) অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তির সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় এ বিভাগে জমা দিতে হবে;

(ট) চাকরিতে যোগদানের জন্য কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

২। উপরের শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৪ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

৩। জনস্বার্থে এ নিয়োগপত্র জারি করা হলো।

স্বাক্ষরিত/-
মোঃ রায়হান কবির
উপসচিব (প্রশাসন)
ফোন: ০২২২৬৬৩৮২০২

নম্বর : ০১.০০.০০০০.০০৯.১১.০১১.১৯-১২০/১(৮)

তারিখ: ১৩ চৈত্র ১৪৩১ / ২৭ মার্চ ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
২। উপসচিব (সকল), জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, রাষ্ট্রপতির কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা -সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। সহকারী প্রোগ্রামার, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা-বঙ্গভবনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৭। ডিউটি অফিসার, এসএসএফ, বঙ্গভবন, ঢাকা।
৮। জনাব.....

২৭/০৩/২০২৫
মোঃ রায়হান কবির
উপসচিব (প্রশাসন)